

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 প্রধানমন্ত্রীর কার্যালয়
 বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ
 বেপজা কমপ্লেক্স
 বাড়ি নং-১৯/ডি, রোড নং-৬, ধানমন্ডি, ঢাকা-১২০৫
www.bepza.gov.bd

নং ০৩.০৬.২৬১৬.৩০৭.১১.২৩১.২০.২৪৯

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৯
০২ মার্চ ২০২৩**নিয়োগ বিজ্ঞপ্তি**

বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ (বেপজা) এর 'কাউন্সিলর কাম ইন্সপেক্টর নিয়োগ ও চাকরি' নীতিমালা-২০১৯ অনুযায়ী নিম্নলিখিত শূন্য পদসমূহে কর্মকর্তা নিয়োগের উদ্দেশ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে Online এ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:


ক্রম	পদের নাম, গ্রেড ও বেতন স্কেল	পদ সংখ্যা (জন)	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
(১)	কাউন্সিলর কাম ইন্সপেক্টর (সেশ্যাল) (গ্রেড-০৯) ২২,০০০-৫৩,০৬০/-	১৩	যে কোন বিষয়ে ন্যূনতম সিজিপিএ ২.২৫ অথবা ২য় শ্রেণির স্নাতকোত্তর/৪ বছরের স্নাতক (সম্মান) ডিগ্রী। তবে Industrial Relations and Labour Studies, Victimology and Restorative Justice বিষয়ে স্নাতকোত্তর, মানব সম্পদ/কর্মী/শিল্প ব্যবস্থাপনায় ডিপ্লোমা অথবা কোন সরকারি বা স্বায়ত্বশাসিত সংস্থায় বা কোন শিল্প প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে কাজের বাস্তব অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
(২)	কাউন্সিলর কাম ইন্সপেক্টর (এনভায়রনমেন্ট) (গ্রেড-০৯) ২২,০০০-৫৩,০৬০/-	০৯	এনভায়রনমেন্টাল সায়েন্স/ এনভায়রনমেন্টাল ম্যানেজমেন্ট এন্ড প্ল্যানিং/ ভূগোল ও পরিবেশ/ রসায়ন/ ফলিত রসায়ন/ কৃষি রসায়ন/ এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং/ কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এ ন্যূনতম সিজিপিএ ২.২৫ অথবা ২য় শ্রেণির স্নাতকোত্তর/ ৪ বছরের স্নাতক (সম্মান)/স্নাতকোত্তর। কোন সরকারি বা স্বায়ত্বশাসিত সংস্থায় বা কোন শিল্প প্রতিষ্ঠানে বা কোন শিল্প ইউনিটে সলিড ও লিকুইড বর্জ্য পরিবীক্ষণ, সনাক্তকরণ ও ব্যবস্থাপনা কাজের বাস্তব অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

শর্তাবলী:

- জনপ্রশাসন মন্ত্রণালয়, বিধি-১ শাখা এর স্মারক নং ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০.১৪৯, তারিখ: ২২/০৯/২০২২ মোতাবেক ২৫ মার্চ ২০২০ তারিখে সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা ৩০ বছর। বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ৩২ বছর। বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা এর ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর।
- আগ্রহী সকল প্রার্থীকে অনলাইনে www.jobs.gov.bd ওয়েবসাইটের মাধ্যমে আগামী **০৭ মার্চ ২০২৩** তারিখ সকাল ১০:০০ ঘটিকা থেকে থেকে **৩১ মার্চ ২০২৩** তারিখ রাত ১১:৫৯ ঘটিকা পর্যন্ত আবেদন করতে হবে। নির্ধারিত সময়ের পর দাখিলকৃত বা অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ কোনো আবেদন গৃহীত হবে না।
- অনলাইনে আবেদনের জন্য www.jobs.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে প্রথমে নিবন্ধন করতে হবে। নিবন্ধনের জন্য ই-মেইল ও মোবাইল নম্বর আবশ্যিক। নিবন্ধন সম্পন্ন হওয়ার পর নিবন্ধনধারী ই-মেইলে **erecruitment** কর্তৃক ভেরিফিকেশন লিঙ্ক এবং পাসওয়ার্ড প্রেরণ করা হবে। ই-মেইল আইডি দিয়ে লগইন করে আবেদনের প্রয়োজনীয় ধাপসমূহ সম্পন্ন করতে হবে (প্রয়োজনে সংশ্লিষ্ট ওয়েবসাইট থেকে নিবন্ধন গাইডলাইন ও আবেদনের গাইডলাইন অনুসরণ করতে হবে) এবং অনলাইনে চাহিত সকল তথ্যাদি ও প্রয়োজনীয় সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার তথ্যাদি অন্তর্ভুক্ত করতে হবে।
- Online-এ আবেদনের সময় নির্ধারিত স্থানে প্রার্থীর স্বাক্ষর (সাইজ: দৈর্ঘ্য ৩০০ pixel, প্রস্থ ৮০ pixel) ও রশ্মিন ছবি (সাইজ: দৈর্ঘ্য ৩০০ pixel, প্রস্থ ৩০০ pixel) আপলোড করতে হবে।
- আবেদনকারীদের পরীক্ষার ফি বাবদ ৬১২ টাকা Rocket, bKash এবং Nagad এর মাধ্যমে (বিস্তারিত অনলাইন ফরমে পাওয়া যাবে) জমা করতে হবে।

Kausar

- (৬) বয়স প্রমাণের জন্য বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সনদের কপি সংযুক্ত করতে হবে।
- (৭) মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অনলাইনে পূরণকৃত ফরমের সাথে প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্র, চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র, স্থায়ী ঠিকানার সমর্থনে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগিরকত্ব সনদপত্রসহ সংশ্লিষ্ট সকল কাগজপত্রাদির মূলকপি ও ০১ (এক) সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- (৮) কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো সময় এই নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার এবং বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল/সংশোধন বা সংযোজন করার ক্ষমতা সংরক্ষণ করে।
- (৯) একজন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না।
- (১০) নিয়োগ সংক্রান্ত যে কোন প্রকার তথ্যের জন্য recruitment@bepza.gov.bd এ মেইল করা যাবে।
- (১১) সার্বিক নিয়োগ প্রক্রিয়ায় উপরে উল্লেখ করা হয়নি এরূপ ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।



নির্বাহী পরিচালক (প্রশাসন)

বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ

Kaus